

দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান (কর্মরত)

সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবা প্রার্থী ও অনুদানের পরিমাণ
<p>১. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkkb.gov.bd এর “কল্যাণ-যৌথ-দাফন অনুদানের অনলাইন আবেদন দাখিল” লিংকটিতে ক্লিক করে অথবা http://sss.bkkb.gov.bd লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন করতে হয়।</p> <p>২. অনলাইনে দাখিলকৃত কাগজপত্রের ০১সেট হার্ডকপি হিসেবে এ কার্যালয়ে অগ্রগামীপত্রসহ দাখিল করতে হয়।</p> <p>৩. প্রাপ্ত আবেদনের অনলাইন কপির সাথে হার্ডকপির কাগজপত্র মিলানো হয়।</p> <p>৪. আবেদনের তথ্যাদি যাচাই-বাছাই অস্ত্রে কাগজপত্র সঠিক থাকলে নথিতে উপস্থাপন এবং অনুমোদন করা হয়।</p> <p>৫. আবেদন যাচাই-বাছাই অস্ত্রে আবেদনে কোনো ত্রুটি/আপত্তি থাকলে এসএমএস এর মাধ্যমে আবেদনকারীকে জানানো হয়।</p> <p>৬. আপত্তির সঠিক জবাব পাওয়া গেলে পুনরায় নথিতে উপস্থাপন এবং অনুমোদন করা হয়।</p> <p>৭. অনুদানের মঞ্জুরিকৃত অর্থ আবেদনকারীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে সরাসরি প্রেরণ করা হয়।</p> <p>৮. অনুমোদনের বিষয়টি এসএমএস এর মাধ্যমে আবেদনকারীকে জানানো হয়।</p>	<p>১. Pay fixation-২০১৫/ তালিকাভুক্ত স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে চাকরি বহির ৩য় পৃষ্ঠা/এস.এস.সি সনদ;</p> <p>২. মৃত্যু সনদ (রেজিস্টার্ড ডাক্তার/ স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত);</p> <p>৩. বয়স, পেশা, বৈবাহিক অবস্থা উল্লেখপূর্বক ওয়ারিশ সনদ, ওয়ারিশগণ কর্তৃক আবেদনকারীকে প্রদত্ত ক্ষমতাপত্র এবং নির্ভরশীলতার সনদ স্থানীয় ইউ.পি. চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত);</p> <p>৫. মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);</p> <p>৬. কর্মচারী ও আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র।</p> <p>৮. বেতন প্রদানের তারিখ উল্লেখপূর্বক শেষ বেতনের সনদ সত্যায়িত কপি;</p> <p>৯. কর্মচারী মৃত্যুর পর আবেদন দাখিল করতে ০৬ মাসের বেশি বিলম্ব হলে কর্তৃপক্ষের মাধ্যমে বিলম্বের ব্যাখ্যা প্রদান।</p> <p>নোট: অনলাইনে আবেদন ফরম পূরণ করলে প্রিন্টকপির সাথে প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা পাওয়া যায়।</p>	<p>চাকুরিরত/পিআরএল ভোগরত অবস্থায় ০১/০৭/২০১৬ খ্রি.তারিখ হতে কোন কর্মচারী মৃত্যুবরণ করলে মরহমের ওয়ারিশগণকে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান বাবদ টা: ৩০, ০০০/- (ত্রিশ হাজার) মাত্র প্রদান করা হয়।</p> <p>প্রজাতন্ত্রের অসামরিক কর্মে নিয়োজিত কর্মরত/পিআরএল ভোগরত এবং অবসরপ্রাপ্ত কর্মচারীদের আয়ের উপর নির্ভরশীল সদস্যদের ০১/০৭/২০১৯ খ্রি.তারিখ হতে মৃত্যু জনিত কারণে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বাবদ সর্বমোট টা: ১০,০০০/- (দশ হাজার) মাত্র প্রদান করা হয়।</p>

- অনলাইনের মাধ্যমে আবেদন এবং আবেদনের হার্ডকপি প্রাপ্তির পর কাগজপত্র সঠিক থাকা সাপেক্ষে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে দাবী নিষ্পত্তি করা হয়।
- সম্পূর্ণ বিনামূল্যে সেবা দেয়া হয়।